## বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
**ক্রেডিট বিভাগ**

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ইমেইলঃdgmsme@krishibank.org.bd

নং-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-১)/৩(১১৭)/২০২২-২৩ / 1028(1250)

তারিখঃ ২৪.১০.২০২২

০১। মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ প্রসঙ্গে**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আইসিটি অপারেশন বিভাগের পত্র নং ৮২১, ৩১৪ ও ৬০৯ তারিখ যথাক্রমে ১২/০৩/২০১৯, ২২/১০/২০১৯ ও ০৬/০১/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। (কপি সংযুক্ত)

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখার ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরীকৃত ঋণ কেইস সমূহের সকল ধরণের তথ্য শাখা কর্তৃক ডাটা এন্ট্রি/স্ক্যান করে সংরক্ষণের জন্য প্রস্তুতকৃত সফটওয়্যারে নিয়মিত আপলোড করার নির্দেশনা থাকলেও সকল শাখা কর্তৃক সময়মত তথ্য আপলোড করা হয় নাই।

০৩। বিকেবি প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৮/০২/২০২১ তারিখের ২৭ তম সভার ৮ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তুতকৃত সফটওয়্যারটি উন্নয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী ওয়েব ডাটাবেজ সফটওয়্যারটি উন্নয়ন করে ওয়েব লিংক http://115.127.69.234:8000/ এ হোস্টিং করা হয়েছে যা শাখা পর্যায় হতে ঋণ কেইসসমূহের তথ্য আপলোড করার জন্য সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। প্রদত্ত ওয়েব লিংকের মাধ্যমে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে শাখা পর্যায়ে লগইন করে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করবেন।

০৫। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে সঠিক ও নির্ভুলভাবে শাখা সমূহকে প্রতি মাসে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরীকৃত নতুন ও পুরাতন সকল ঋণ কেইসসমূহের তথ্য যথাযথভাবে ডাটা এন্ট্রি/স্ক্যান করে প্রস্তুতকৃত সফটওয়্যারে নিয়মিত আপলোড করার এবং এ বিষয়ে অগ্রগতি সংযুক্ত ছক "ক" মোতাবেক প্রতি মাসের ৫ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

আপনার বিশ্বস্ত
(মোহাম্মদ রফিকুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-১)/৩(১১৭)/২০২২-২৩/ 1028(1250)

তারিখঃ ২৪.১০.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

24/10/2022
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

ছক-"ক"

| ক্রমিক নং | শাখা/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের নাম | ৫.০০ লক্ষ ও তদুর্ধ্ব | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | বিতরণকৃত ঋণের সংখ্যা | বিতরণকৃত ঋণ কেইস সমূহের তথ্য ডাটাবেইজে আপলোড হয়েছে যার সংখ্যা | বিতরণকৃত ঋণ কেইস সমূহের তথ্য ডাটাবেইজে আপলোড হয়নি যার সংখ্যা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি অপারেশন বিভাগ

ফোন ঃ ৯৫৫১১৬৮
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২৩৪
ইমেইল ঃ dgmictop@krishibank.org.bd
ওয়েবসাইট ঃ www.krishibank.org.bd

নং-বিকেবি/প্রকা/আইসিটি(অপা)/বিবিধ-৯(২)অংশ-২/২০১৮-২০১৯/৮২১ তারিখ- ১২/০৩/২০১৯ খ্রিঃ

উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়/ সিলেট কর্পোরেট/ কাওরান বাজার কর্পোঃ/ নারায়নগঞ্জ কর্পোরেট/ বনানী কর্পোরেট/ আগ্রাবাদ কর্পোরেট/ষোলশহর কর্পোরেট/খুলনা কর্পোরেট শাখা

ও

বরিশাল/পটুয়াখালী/ভোলা/ঝালকাঠি/পিরোজপুর/বরগুনা/ ফরিদপুর/গোপালগঞ্জ/মাদারীপুর/রাজবাড়ী/শরীয়তপুর/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/মাগুরা/কুষ্টিয়া/চুয়াডাংগা/মেহেরপুর/নড়াইল/কুমিল্লা/চাঁদপুর/ব্রাক্ষনবাড়িয়া/মাইজদী কোর্ট/ফেনী/ লক্ষীপুর/ কক্সবাজার/ পটিয়া/খাগড়াছড়ি/মুন্সীগঞ্জ/বান্দরবান/ রাঙ্গামাটি/কাপ্তাই/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ/জয়দেবপুর/মানিকগঞ্জ/ নরসিংদী/ ময়মনসিংহ/ কিশোরগঞ্জ/নেত্রকোনা/ টাঙ্গাইল/শেরপুর/জামালপুর শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৬ তম সভার সিদ্ধান্ত মোতাবেক ঋণের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৬তম সভায় নিম্নোক্ত আলোচনা ও তদপ্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয় - "কর্পোরেট শাখা ও জেলা পর্যায়ের শাখাসমূহের ৫.০০ লক্ষ ও তদূর্ধ ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কাইভ আকারে সংরক্ষণের বিষয়টি ৩১ জুলাই ২০১৮ এর মধ্যে চূড়ান্ত করার নির্দেশনা থাকা সত্বেও তা সম্পন্ন না হওয়ায় কমিটি গভীর অসন্তোষ প্রকাশ করেন। এ ক্ষেত্রে যে সকল শাখা প্রয়োজনীয় তথ্য সরবরাহ করেনি সে সকল শাখার শাখা ব্যবস্থাপকগণের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী ৩০-১২-২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখাসমূহের ৫.০০ লক্ষ ও তদূর্ধ ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কাইভ আকারে সংরক্ষণ নিশ্চিত করতে হবে। এ সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় পেশ করতে হবে।"

০২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে গত বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্পোরেট শাখা ও জেলা পর্যায়ের শাখাসমূহের ৫.০০ লক্ষ ও তদূর্ধ ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কাইভ আকারে সংরক্ষণের জন্য অত্র বিভাগ কর্তৃক একটি সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে যা ওয়েব লিংক http://115.127.69.234:81/loan_info/ এর মাধ্যমে পাওয়া যাবে। উল্লেখ্য, User Code উক্ত শাখার শাখা কোড (যেমন- স্থানীয় মুখ্য কার্যালয় এর ইউজার কোড- 4001) দিতে হবে এবং Password হিসেবে 123456 দিতে হবে; যা পরবর্তীতে Change Password অপশনে গিয়ে পরিবর্তন করে নিতে হবে।

০৩। এমতাবস্থায়, আপনার শাখার ৫.০০ লক্ষ ও তদূর্ধ ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কাইভ আকারে উক্ত সফটওয়্যারে সংরক্ষণের জন্য বিশেষ অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন ধরনের সাপোর্ট সার্ভিসের প্রয়োজন হলে আইসিটি অপারেশন বিভাগের সহকারী প্রোগ্রামার জনাব মোছাঃ মাকলিনা খাতুন, মোবাইল নং- ০১৫১৬-১৩৪৪৩৫ এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। **বিষয়টি অতীব জরুরী।**

আপনার বিশ্বস্ত
12.03.19.
(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
০১। স্টাফ অফিসার, উপ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/আইসিটি/অপারেশন এন্ড প্ল্যানিং) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। নথি।

তাগাদা পত্র-১


বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি অপারেশন বিভাগ

ফোন ঃ ৯৫৫১১৬৮
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২৩৪
ইমেইল ঃ dgmictop@krishibank.org.bd
ওয়েবসাইট ঃ www.krishibank.org.bd


পত্র নং- প্রকা/আইসিটি(অপাঃ)/বিবিধ-৯(২)অংশ-২/২০১৯-২০২০/ ৩১৪ তারিখঃ ২২-১০-২০১৯ ইং

উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়/ সিলেট কর্পোরেট/ কাওরান বাজার কর্পোঃ/ নারায়ণগঞ্জ কর্পোরেট/ বনানী কর্পোরেট/ আগ্রাবাদ কর্পোরেট/ বোলশহর কর্পোরেট/ খুলনা কর্পোরেট শাখা

ও

বরিশাল/ পটুয়াখালী/ ভোলা/ ঝালকাঠি/ পিরোজপুর/ বরগুনা/ ফরিদপুর/ গোপালগঞ্জ/ মাদারীপুর/ রাজবাড়ী/ শরীয়তপুর/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাঙ্গা/ মেহেরপুর/ নড়াইল/ কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ মাইজদী কোর্ট/ ফেনী/ লক্ষীপুর/ কক্সবাজার/ পটিয়া/ খাগড়াছড়ি/ মুন্সীগঞ্জ/ বান্দরবান/ রাঙ্গামাটি/ কাপ্তাই/ সুনামগঞ্জ/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ জয়দেবপুর/ মানিকগঞ্জ/ নরসিংদী/ ময়মনসিংহ/ কিশোরগঞ্জ/ নেত্রকোনা/ টাঙ্গাইল/ শেরপুর/ জামালপুর শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১তম সভার সিদ্ধান্ত মোতাবেক ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণের তথ্যাদি সংরক্ষণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১তম সভায় আলোচনা ও তদ্‌প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-
"৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে সংরক্ষনের জন্য আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক এতদ্‌বিষয়ে ওয়েববেইজড সফটওয়্যার উন্নয়নপূর্বক যে সকল শাখাকে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে সে সকল শাখাকে উক্ত সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিতে হবে এবং অবশিষ্ট শাখাসমূহকে স্বল্প সময়ের মধ্যে উক্ত কার্যক্রমের আওতায় নিয়ে আসতে হবে"।

০২। ইতোপূর্বে, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১২-০৩-২০১৯ ইং তারিখে, পত্র নং- বিকেবি/প্রকা/আইসিটি(অপাঃ)/বিবিধ-৯(২)অংশ-২/২০১৯-২০২০/৮২১ এর মাধ্যমে উক্ত কাজটি করার জন্য আপনার বরাবর পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কাজটি সম্পন্ন করা হয়নি যা কোনোভাবেই কাম্য নয়। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্পোরেট শাখা ও জেলা পর্যায়ের শাখাসমূহের ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কাইভ আকারে সংরক্ষনের জন্য অত্র বিভাগ কর্তৃক একটি সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে যা ওয়েবলিংকে http://115.127.69.234:81/loan_info/ এ পাওয়া যাবে।

০৩। এমতাবস্থায়, আপনার শাখার ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কাইভ আকারে উক্ত সফটওয়্যারে সংরক্ষনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিষয়টির গুরুত্ব বিবেচনায় উক্ত আপলোড কার্যক্রম জরুরী ভিত্তিতে আপনার শাখা কর্তৃক সম্পন্ন করতে হবে; অন্যথায়, উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে। কাজটির কারিগরী সাপোর্ট সার্ভিসের প্রয়োজন হলে আইসিটি অপারেশন বিভাগের সহকারী প্রোগ্রামার জনাব মোছাঃ মাকলিনা খাতুন, মোবাইল নম্বরঃ ০১৩১৮-২০৯৬০২ এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত

অনুমোদনক্রমে,

22.10.19

(মোহাম্মদ সালাহউদ্দিন রাজীব)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ
১। চীফ স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/আইসিটি) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা/ঢাকা/ফরিদপুর/খুলনা/চট্টগ্রাম/ময়মনসিংহ/বরিশাল/সিলেট/কুষ্টিয়া।
৪। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
৫। নথি।

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি অপারেশন বিভাগ

ফোন ঃ ৯৫৫১১৬৮
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২৩৪
ইমেইল ঃ dgmictop@krishibank.org.bd
ওয়েবসাইট ঃ www.krishibank.org.bd

পত্র নং- প্রকা/আইসিটি(অপাঃ)/বিবিধ-৯(২)অংশ-৩/২০১৯-২০২০/৬০৯

তারিখঃ ০৬-০১-২০২০ ইং

উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১তম সভার সিদ্ধান্ত মোতাবেক ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণের তথ্যাদি সংরক্ষণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১তম সভায় আলোচনা ও তদপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়- "৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে সংরক্ষনের জন্য আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক এতদ্‌বিষয়ে ওয়েববেইজড সফটওয়্যার উন্নয়নপূর্বক যে সকল শাখাকে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে সে সকল শাখাকে উক্ত সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিতে হবে এবং অবশিষ্ট শাখাসমূহকে স্বল্প সময়ের মধ্যে উক্ত কার্যক্রমের আওতায় নিয়ে আসতে হবে"।

০২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখাসমূহের ৫.০০ লক্ষ ও তদূর্ধ ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কইভ আকারে সংক্ষনের জন্য অত্র বিভাগ কর্তৃক একটি সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে যা ওয়েবলিংক http://115.127.69.234:81/loan_info/ এ পাওয়া যাবে। উল্লেখ্য, User Code হিসেবে উক্ত শাখার শাখা কোড (যেমনঃ স্থানীয় মুখ্য কার্যালয়ের ইউজার কোড- 4001) দিতে হবে এবং Password হিসেবে 123456 দিতে হবে; যা পরবর্তীতে Change Password অপশনে গিয়ে পরিবর্তন করে নিতে হবে। ইতোপূর্বে জেলা পর্যায়ের শাখাসমূহে উল্লিখিত নির্দেশনা প্রদান করা হলেও অদ্যাবধি কোন শাখাই উক্ত সফটওয়্যারে তথ্য আপলোড করেনি, যার ফলে উক্ত কমিটির সদস্যগণ অসন্তোষ প্রকাশ করেন।

০৩। এমতাবস্থায়, আপনার শাখার ৫.০০ লক্ষ ও তদূর্ধ ঋণ কেইসসমূহের তথ্য স্ক্যান করে আর্কাইভ আকারে উক্ত সফটওয়্যারে সংরক্ষনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। কাজটি যথাযথভাবে সম্পন্ন করার জন্য একটি ব্যবহার নির্দেশিকা এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। এছাড়াও কারিগরী সাপোর্ট সার্ভিসের প্রয়োজন হলে আইসিটি অপারেশন বিভাগের সহকারী প্রোগ্রামার জনাব মোছাঃ মাকলিনা খাতুন, মোবাইল নম্বরঃ ০১৩১৮-২০৯৬০২ এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। তাই, বিষয়টির গুরুত্ব বিবেচনায় উক্ত আপলোড কার্যক্রম জরুরী ভিত্তিতে আপনার শাখা কর্তৃক সম্পন্ন করতে হবে; অন্যথায়, উদ্ভুত পরিস্থিতির দায়-দায়িত্ব আপনার শাখার উপর বর্তাবে।

০৪। **বিষয়টি অতীব জরুরী।**

**সংযুক্তিঃ** লোন ডকুমেন্টস আর্কাইভিং ব্যবহার নির্দেশিকা-০৪(চার) পাতা।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত
06.01.2020

(মোহাম্মদ সালাহউদ্দিন রাজীব)
উপ-মহাব্যবস্থাপক

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১। চীফ স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/আইসিটি) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা/ ঢাকা/ ফরিদপুর/ খুলনা/ চট্টগ্রাম/ ময়মনসিংহ/ বরিশাল/ সিলেট/ কুষ্টিয়া।
৪। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
৫। নথি।